ণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন অফিসারের কার্যালয়
গোলাপগঞ্জ, সিলেট

**উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটির সভা**

সভার তারিখ ঃ ১৫ /০৬/২০২২ খ্রিস্টাব্দ
সভার সময় ঃ সকাল **১১** ঘটিকা
সভার স্থান ঃ উপজেলা ভাইস চেয়াম্যানের কর্যালয়, গোলাপগঞ্জ, সিলেট।

| ক্রমিক নং | উপস্থিত সদস্যর নাম | পদবী | কমিটি পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | জনাব মনসুর আহমদ | ভাইস চেয়ারম্যান | সভাপতি | স্বাক্ষরীত |
| ২ | জনাব মোঃ জাহিদ হোসেন | চেয়ারম্যান বাদেপাশা ইউপি | সদস্য | স্বাক্ষরীত |
| ৩ | জনাব শামীম আহমদ | চেয়ারম্যান ভাদেশ্বর ইউপি | সদস্য | স্বাক্ষরীত |
| ৪ | জনাব আর্জমন্দ আলী | বাঘা,গোলাপগঞ্জ,সিলেট | সদস্য | স্বাক্ষরীত |
| ৫ | জনাব মোঃ আব্দুল আহাদ | উপজেলা যুব উন্নয়ন অফিসার | সদস্য সচিব | স্বাক্ষরীত |

অদ্য উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট এর **যুব ও ক্রীড়া উন্নয়ন** কমিটির সভায় সভাপতিত্ব করেন জনাব মনসুর আহমদ, উপজেলা ভাইস চেয়াম্যান গোলাপগঞ্জ, সিলেট। সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে উপজেলা যুব উন্নয়ন অফিসার জনাব মোঃ আব্দুল আহাদ কে সভার কার্যক্রম আরম্ভ করার জন্য অনুরোধ জানান।

## সভায় আলোচনা ও সিদ্ধান্ত নিম্ন লিখিত।

**আলোচনা নং- ০১ ঃ বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন ঃ** অদ্যকার সভায় বিগত ০ .০ .২০২২ খ্রিস্টাব্দ তারিখের কার্যবিবরনী পাঠ করে শুনানো হয়। বিস্তারিত আলোচনার পর কোন প্রকার সংশোধনী/পরিবর্তন ছাড়াই তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

**আলোচনা নং- ০২ ঃ উপজেলাপরিষদের মাসিকসভায় উপস্থাপনের নিমিত্তে প্রস্তাব প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।**

সভায় উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থাপনের নিমিত্তে বিভিন্ন প্রস্তাব নিয়ে আলোচনা হয়। সভায় আলোচনা কালে কমিটির সদস্য সচিব ও ও উপজেলা যুব উন্নয়ন অফিসার জনান যে তাঁর দপ্তরে " দারিদ্র বিমোচন যুব সমাজের কর্মসংস্থান ও সৃষ্টির লক্ষ্যে প্রশিক্ষন কার্যক্রম জোরদার করন " প্রকল্প গ্রহনের আওতায় যুব সমাজকে আত্নকর্মী হিসেবে গড়ে তোলাই এর লক্ষ্য। যাতে করে তারা তাদের নিজেদের চাহিদা পূরণ করে বাড়তি আয়ও করতে সক্ষম হয়। প্রকল্পটি যুব উন্নয়ন অধিদপ্তরের প্রধান কার্যালয় , ঢাকার প্রশিক্ষন শাখার সিডিউল ও নিয়ম মোতাবেক করা হয়েছে। এ ব্যাপারে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং বরাদ্দের জন্য বাজেট চাহিদা প্রনয়ন ও উপজেলা সমন্বয় সভায় উপস্থাপনের জন্য উপজেলা যুব উন্নয়ন অফিসারকে অনুরোধ করা হয়।

**প্রশিক্ষণার্থী সংখ্যা ও প্রশিক্ষণের বাস্তবায়নের বাজেট ঃ**

প্রতি প্রশিক্ষণ কর্মসুচীতে ৩০ (ত্রিশ) জন করে প্রশিক্ষনার্থী অংশ গ্রহণ করবে এবং প্রতি প্রশিক্ষণের মেয়াদ হবে ১৫ (পনের) দিন ।

## ০১। সেলাই শিক্ষা বিষয়ক প্রশিক্ষণের ব্যয় ও বাজেট

| ক্রঃ নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমান | |
|---|---|---|---|
| | | হার | মোট |
| ০১ | উদ্ধোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির সম্মানী | ৩০০০/- | ৩,০০০/- |
| ০২ | প্রশিক্ষকের সম্মানী ভাতা (৩০ টি ক্লাশ) | প্রতিক্লাস ১০০০/- | ৩০,০০০/- |
| ০৩ | প্রশিক্ষণার্থীর ভাতা (৩০ জন) | প্রতিদিন ১০০/- | ৪৫,০০০/- |
| ০৪ | প্রশিক্ষণ সামগ্রী ( ৩০ জন) | ১০০/- | ৩,০০০/- |
| ০৫ | নাস্তা ( প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী ) ৩৫ জন | ৫০/- | ২৬,২৫০/- |
| ০৭ | সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথির সম্মানী | ৫০০০/- | ৫,০০০/- |
| ০৮ | বিবিধ (ব্যানার,প্রশিক্ষণ সামগ্রী, ফটোকপি,ফটোগ্রাফি ইত্যাদি) | | ৫০০০/- |
| | সর্বমোট =কথায়-এক লক্ষ সতের হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র | | ১,১৭,২৫০/- |

## ০২। ইলেকট্রিক এন্ড হাউজ ওয়ারিং প্রশিক্ষণের ব্যয় ও বাজেট

| ক্রঃ নং | ব্যয়ের খাত | ব্যয়ের পরিমান | |
|---|---|---|---|
| | | হার | মোট |
| ০১ | উদ্ধোধনী অনুষ্ঠানের প্রধান অতিথির সম্মানী | ৩০০০/- | ৩,০০০/- |
| ০২ | প্রশিক্ষকের সম্মানী ভাতা (৩০ টি ক্লাশ) | প্রতিক্লাস ১০০০/- | ৩০,০০০/- |
| ০৩ | প্রশিক্ষণার্থীর ভাতা (৩০ জন) | প্রতিদিন ১০০/- | ৪৫,০০০/- |
| ০৪ | প্রশিক্ষণ সামগ্রী/উপকরন ( ৩০ জন) | ২০০/- | ৬,০০০/- |
| ০৫ | নাস্তা ( প্রশিক্ষক ও প্রশিক্ষণার্থী ) ৩৫ জন | ৫০/- | ২৬,২৫০/- |
| ০৭ | সমাপনী অনুষ্ঠানের প্রধান অতিথির সম্মানী | ৫০০০/- | ৫,০০০/- |
| ০৮ | বিবিধ (ব্যানার, ফটোকপি,ফটোগ্রাফি ইত্যাদি) | ------------------- | ৪০০০/- |
| | সর্বমোট =কথায়-এক লক্ষ উনিশ হাজার দুইশত পঞ্চাশ) টাকা মাত্র | | ১,১৯,২৫০/- |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(মনসুর আহমদ)
সভাপতি
যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি
ও
ভাইস চেয়ারম্যান,
উপজেলা পরিষদ, গোলাপগঞ্জ, সিলেট।